

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নং -৪৬.০০.০০০০.০০০.০৬৪.৯৯.০০১৮.২৬- (৫৯)


তারিখঃ ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

বিষয়: গাজীপুর জেলার কালীগঞ্জ পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার জন্য ডাম্পিং স্টেশন নির্মাণের লক্ষ্যে জমি ক্রয়ের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।

সূত্র: কালীগঞ্জ পৌরসভা হতে প্রাপ্ত পত্র নং-১০৮, তারিখঃ ০৪/০৬/২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে গাজীপুর জেলার কালীগঞ্জ পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার নিমিত্ত ডাম্পিং স্টেশন নির্মাণের লক্ষ্যে জমি ক্রয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য জমির তফসিল প্রস্তাবে উল্লেখপূর্বক নিম্নোক্ত তথ্যসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

১. প্রস্তাবিত জমি পৌরসভার অন্তর্গত কিনা;
২. জমি বা জমির অংশ নিয়ে কোন মামলা বা আইনগত জটিলতা আছে কিনা;
৩. জমির মালিকানা নিষ্কন্টক কিনা;
৪. উক্ত জমি ফসলী কিনা;
৫. পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের কোন ভবিষ্য তহবিল ও আনুতোষিক তহবিলের কোন বকেয়া আছে কিনা;
৬. জমি মৌজা রেইট এবং বর্তমান বাজার মূল্য একটি কমিটির মাধ্যমে যথাযথভাবে যাচাইপূর্বক প্রতিবেদন প্রেরণ;
৭. উক্ত জমি ক্রয়ের করতে অর্থের সংস্থান কি অর্থাৎ কোন অর্থ বা ফান্ড দ্বারা ক্রয় করা হবে?
৮. এত জমি ক্রয়ের প্রয়োজন আছে কিনা তা যাচাই;
৯. বিএমডিএফ এর কোন ঋন আছে কিনা;
১০. উক্ত জমিতে ভাগাড় নির্মাণ করা হলে জনগণের কোন আপত্তি আছে কিনা; এবং
১১. উক্ত জায়গায় ভাগাড় নির্মাণ করা হলে পরিবেশ ও আশেপাশের জনগণের কোন ক্ষতি হবে কিনা।


(আশফিকুন নাহার, পিএইচডি)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
e-Mail: lgpaura2@lgd.gov.bd

প্রশাসক
কালীগঞ্জ পৌরসভা
গাজীপুর।

অনুলিপি:

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।